

ঢাকা ভার্শিটি 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

কৃতকার্য ১৪.৬৮ শতাংশ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের কলা অনুষদ অধিভুক্ত 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। এতে পাস করেছেন ১৪ দশমিক ৬৮ শতাংশ শিক্ষার্থী। গতবার এ হার ছিল ৯ দশমিক ৫৫ শতাংশ। গতকাল মঙ্গলবার, সকালে ভিসি অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক প্রশাসনিক ডবনে কেন্দ্রীয় ভর্তি অফিসে ফলাফল প্রকাশ করেন। এসময় কলা অনুষদের ভিন ও খ-ইউনিট ভর্তি পরীক্ষার সহায়কারী অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান এবং অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ প্রমুখ উপস্থিত ছিলেন। ভিসি বলেন, এই ইউনিটে মোট ২ হাজার ২৯৬টি আসনের বিপরীতে আবেদন করেন ৩১ হাজার ১৫২ জন। ভর্তি পরীক্ষায় অংশ নেন ২৯ হাজার ৬৪৫ জন। পাস করেছেন ৪ হাজার ৩৫১ জন। বিভিন্ন ভুলত্রুটি থাকায় উত্তরপত্র বাতিল হয়ে যায় ৩৭২ জনের। পরীক্ষায় উত্তীর্ণদের সাফাৎকার শুরু হবে আগামী ৮ নভেম্বর। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীরা তাদের এসএসসি ও এইচএসসির রোল নম্বর দিয়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট admission.eis.du.ac.bd থেকে ফল জানতে পারবেন। এছাড়া মোবাইলেও জানা যাবে ফল। সেফেক্রে যেকোনো মোবাইল অপারেটর থেকে DU টাইপ করে ১৬৩২১ নম্বরে পাঠিয়ে দিলে ফিরতি এসএমএসে ফল জানা যাবে।